বিধেয়া। ততঃ তেন উক্তম্। কুত্র তব কঙ্কণম্? ব্যাঘ্রো হস্তং প্রসার্য দর্শয়তি ক্রতে চ। অনেক-গোমানুষাণাং বধাৎ মে পুত্রৈঃ মৃতং দারৈশ্চ। বংশহীনশ্চাহম্। ততঃ কেনচিৎ ধার্মিকেণ অহমুপদিষ্টঃ। ময়া চ ধর্মশাস্ত্রাণি অধীতানি। ততঃ অসৌ তদ্বচঃপ্রতীতঃ লোভাৎ সরঃ স্নাতুং প্রবিশন্ মহাপঙ্কে নিমগ্নঃ। তং পঙ্কে পতিতং দৃষ্ট্বা ব্যাঘ্রোঽবদৎ। ময়া ত্বম্ উত্থাপ্যসে। ইত্যুক্ত্বা তেন ব্যাঘ্রেণ স ধৃতঃ। অথাসৌ ব্যাঘ্রেণ ব্যাপাদিতঃ খাদিতশ্চ। স্বভাব এব অত্র অতিরিচ্যতে।

2. *Translate into Sanskrit using* **কর্মবাচ্য** *and* **ভাববাচ্য** :—Boys are running. God is the father of all. He gives us every thing. All obey the laws of God. His intellect was keen. Modesty is the best virtue. Knowledge without modesty is useless. The rains are falling. The air is cool. I saw him today. Birds are singing sweetly. A certain cowherd had a daughter. I shall come here everyday. He saw a dog lying on the road. Be not angry with me. The king rules his subjects. You are my mother. Please command me.

3. *Correct* :—দেহি মে পঞ্চান্ মুদ্রান্। তে বালকাঃ ময়া দৃশ্যো। সন্তঃ পরার্থে প্রাণং ত্যজতি। অশিষ্টং তনয়ং কুপ্যতি পিতা। অহং তৎস্থানে গন্তব্যঃ। দৃশ্যন্তে যূয়ম্ উদ্যানানি। কতিভিঃ বালকৈঃ অত্র শীয়তে। মিথ্যা মা বদ্যতাম্। ধূর্তানাং মনোভাবং পণ্ডিতঃ ন জ্ঞায়তে। সরিতি পদ্মানি দৃশ্যতে। তেন অহম্ পৃচ্ছ্যতে।

## (২) বাচ্যান্তর (Change of Voice)

৬। কর্তৃবাচ্যে ক্রিয়া সকর্মক হইলে তাহাকে **কর্মবাচ্যে** এবং অকর্মক হইলে তাহাকে **ভাববাচ্যে** পরিবর্তিত করিতে হয়। কর্মবাচ্য ও ভাববাচ্যের বাক্যকে বাচ্যান্তরে কর্তৃবাচ্যে আনয়ন করিতে হয়। **কর্তা, কর্তার বিশেষণ, কর্ম, কর্মের বিশেষণ এবং ক্রিয়াব্যতীত অন্য সকল পদ বাচ্যান্তরে অপরিবর্তিত থাকে।**

৭। কর্তৃবাচ্যের বাক্যকে **কর্মবাচ্যে** পরিবর্তিত করিতে হইলে প্রথমতঃ উহার **কর্তৃপদে** ও তাহার বিশেষণে তৃতীয়া বিভক্তি, দ্বিতীয়তঃ উহার **কর্মপদে** ও তাহার বিশেষণে প্রথমা বিভক্তি এবং তৃতীয়তঃ উহার **ক্রিয়াতে**

লট্ প্রভৃতি যে বিভক্তি আছে তাহার আত্মনেপদ[১] দিতে হয়। লট্ প্রভৃতি চারিবিভক্তির ক্রিয়া হইলে ঐধাতুর উত্তর যক্[২] যোগ করিয়া কর্মের পুরুষ ও বচন অনুযায়ী ক্রিয়াতে সেই পুরুষ ও সেই বচনের বিভক্তি যুক্ত করিতে হয়। যথা, বালকঃ বৃক্ষান্ পশ্যতি (কর্তৃবাচ্য)—বালকেন বৃক্ষাঃ দৃশ্যন্তে (কর্মবাচ্য)। এখানে কর্মবাচ্যে কর্তায় প্রথমার একবচন স্থলে তৃতীয়ার একবচন, কর্মে দ্বিতীয়ার বহুবচন স্থলে প্রথমার বহুবচন এবং কর্ম প্রথম পুরুষের বহুবচনান্ত বলিয়া আত্মনেপদে 'দৃশ্য' রূপে পরিণত ক্রিয়াতে প্রথম পুরুষের বহুবচন 'অন্তে' বিভক্তি হইয়াছে। এইরূপ—

| কর্তৃবাচ্য | কর্মবাচ্য |
|---|---|
| শিশুঃ চন্দ্রং পশ্যতি | শিশুনা চন্দ্রঃ দৃশ্যতে |
| স বালকৌ ব্রবীতি | তেন বালকৌ উচ্যেতে |
| যদুঃ পুস্তকানি পঠতি | যদুনা পুস্তকানি পঠ্যন্তে |
| ত্বং মাং বদসি | ত্বয়া অহম্ উদ্যে |
| অহং রামায়ণং পঠামি | ময়া রামায়ণং পঠ্যতে |
| বয়ং নগরং গচ্ছামঃ | অস্মাভিঃ নগরং গম্যতে |
| ত্বং চন্দ্রং পশ্য | ত্বয়া চন্দ্রঃ দৃশ্যতাম্ |
| শিষ্যঃ বেদান্ পঠতু | শিষ্যেণ বেদাঃ পঠ্যন্তাম্ |
| অহং কার্যম্ অকরবম্ | ময়া কার্যম্ অক্রিয়ত |
| পিতা মাম্ আহ্বয়ৎ | পিত্রা অহম্ আহূয়ে |
| সর্বে সত্যং বদেয়ুঃ | সর্বৈঃ সত্যম্ উদ্যেত |
| গুরুঃ অস্মান্ উপদিশেৎ | গুরুণা বয়ম্ উপদিশ্যেমহি |

(১) **ভাবকর্মণোঃ** (১।৩।১৩)—ভাববাচ্যে ও কর্মবাচ্যে ধাতুর উত্তর আত্মনেপদ প্রত্যয় হয়। **যথা**, ভাববাচ্যে—ভূয়তে, স্থীয়তে, আস্যতে। কর্মবাচ্যে—ক্রিয়তে, পীয়তে, দীয়তে। **কর্তৈব যত্র** কর্তা তত্র পরস্মৈপদম্ ভবতি। তেন কর্মকর্তরি বাচ্যে ধাতোঃ পর আত্মনেপদ প্রত্যয় **এব স্যাৎ**।

(২) **সার্বধাতুকে যক্** (৩।১।৬৭)—ভাববাচ্যে ও কর্মবাচ্যে সার্বধাতুকে (লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ ও শানচ্ প্রত্যয়ে) সকল ধাতুর উত্তর তিঙ্ বিভক্তির পূর্বে **যক** হয়। যক্ এর ক্ ইৎ য থাকে। **যথা**, ভাববাচ্যে—ভবতা আস্যতে, ভবদ্ভ্যাম্ আস্যতে, ভবদ্ভিঃ আস্যতে। **ভাবে একবচনমেব**। কৃদভিহিতভাবস্ত্ত দ্রব্যবৎ প্রকাশতে। যথা, পাকঃ, পাকৌ, পাকাঃ। কর্মবাচ্যে—**বৃক্ষঃ দৃশ্য**তে, বৃক্ষৌ দৃশ্যেতে, বৃক্ষাঃ দৃশ্যন্তে। **কর্মকর্তরি** উপসংখ্যানম্—কর্মকর্তৃ বাচ্যেও যক্ **হয়। যথা**, ওদনঃ স্বয়মেব পচ্যতে।

৮। কর্তৃবাচ্য হইতে ভাববাচ্য করিতে হইলে কর্তায় প্রথমা স্থানে তৃতীয়া এবং ক্রিয়ার কর্মবাচ্যের ন্যায় যক্ যোগ করিয়া সর্বদা আত্মনেপদের প্রথম পুরুষের একবচন দিতে হয়। যথা, বয়ং হসামঃ—অস্মাভিঃ হস্যতে ; স গৃহে তিষ্ঠতু— তেন গৃহে স্থীয়তাম্ ; আসীৎ মিথিলাসু জনকো নাম কশ্চিৎ ধার্মিকো নরপতিঃ—অভূয়ত মিথিলাসু জনকেন নাম কেনচিৎ ধার্মিকেণ নরপতিনা। ন তিষ্ঠেৎ দুর্জনৈঃ সহ (নরঃ)—(নরেণ) দুর্জনৈ সহ ন স্থীয়েত।

(ক) কর্মকর্তৃবাচ্যের বাচ্যান্তরে ভাববাচ্য হয়। যথা, ওদনঃ স্বয়মেব পচ্যতে—ওদনেন স্বয়মেব পচ্যতে।

(খ) লট্ প্রভৃতি চারি বিভক্তি ছাড়া অন্য বিভক্তির ক্রিয়া হইলে যক্ হয় না, কেবল আত্মনেপদ বিভক্তি যুক্ত হয়। যথা, রাজা দরিদ্রায় ধনং দাস্যতি—রাজ্ঞা দরিদ্রায় ধনং দাস্যতে ; রামঃ ব্রহ্মাস্ত্রেণ রাবণং জঘান—রামেণ ব্রহ্মাস্ত্রেণ রাবণঃ জঘ্নে। রাজ্ঞঃ মৃত্যুবার্তামাকর্ণ্য সর্বে রুরুদুঃ—রাজ্ঞ মৃত্যুবার্তামাকর্ণ্য সর্বৈঃ রুরুদে। গম্ ধাতুর লৃট্-এ কিছু প্রভেদ আছে। যথা, রামো বনং গমিষ্যতি— রামেণ বনং **গংস্যতে।**

**৯। গৌণে কর্মণি দুহ্যাদেঃ প্রধানে নী-হৃ-কৃষ্-বহাম্।**
**বিভক্তিঃ প্রথমা জ্ঞেয়া দ্বিতীয়া স্যাত্তদন্যতঃ॥**

বাচ্যান্তরে দুহাদি ধাতুর[১] গৌণ কর্মে প্রথমা বিভক্তি ও মুখ্যকর্মে দ্বিতীয়া বিভক্তি এবং ন্যাদি (নী, হৃ, কৃষ্ ও বহ্) ধাতুর মুখ্যকর্মে প্রথমা বিভক্তি এবং গৌণ কর্মে দ্বিতীয়া বিভক্তি হয়। ক্রিয়া উক্ত কর্মের অনুযায়ী হয়। যথা, গোপঃ গাং দুগ্ধং দোগ্ধি—গোপেন গৌঃ দুগ্ধং দুহ্যতে ; দরিদ্রঃ ধনিনম্ ধনং যাচতে—দরিদ্রেণ ধনী ধনং যাচ্যতে। স মাং কুশলমপৃচ্ছৎ—তেন অহং কুশলম্ অপৃচ্ছ্যে ; বালিকা বৃক্ষং পুষ্পাণি চিকায়—বালিকয়া বৃক্ষঃ পুষ্পাণি চিক্যে। ব্রাহ্মণঃ ছাগান্ গ্রামমনয়ৎ—ব্রাহ্মণেন ছাগাঃ গ্রামম্ অনীয়ন্ত।

**১০। বুদ্ধিভক্ষার্থয়োঃ শব্দ-কর্মণাং চ নিজেচ্ছয়া।**
**প্রযোজ্যকর্মণ্যন্যেষাং ণ্যন্তানাং লাদয়ো মতাঃ॥**

ণিজন্ত বোধার্থ, ভক্ষণার্থ ও শব্দকর্মক ধাতু দ্বিকর্মক হয়। এই সকল

(১) দুহ্, যাচ্, পচ্, দণ্ড, রুধ্, প্রচ্ছ্, চি, ব্রূ, শাস্ জি, মন্থ্ ও মুষ্। কর্মকারক দেখ।

দ্বিকর্মক ধাতুর বাচ্যান্তরে নিজের ইচ্ছা অনুসারে একটি কর্ম উক্ত হয় এবং অপরটি দ্বিতীয়ান্তই থাকে এবং উক্তকর্মের অনুসারে ক্রিয়া হয়। যথা, গুরুঃ শিষ্যং ধর্মং বোধয়তি—গুরুণা শিষ্যঃ ধর্মং বোধ্যতে অথবা গুরুণা শিষ্যং ধর্মঃ বোধ্যতে ; স ব্রাহ্মণম্ ওদনং ভোজয়তি— তেন ব্রাহ্মণঃ ওদনং ভোজ্যতে অথবা তেন ব্রাহ্মণম্ ওদনঃ ভোজ্যতে ; মুনিঃ শিষ্যং বেদান্ অধ্যাপয়তি-- মুনিনা শিষ্যঃ বেদান্ অধ্যাপ্যতে অথবা মুনিনা শিষ্যং বেদাঃ অধ্যাপ্যন্তে।

ণিজন্ত গমনার্থ ও অকর্মক ধাতুর (দ্বিতীয়ান্ত) প্রযোজ্য কর্ম উক্ত হয় এবং গমনার্থের কর্ম দ্বিতীয়ান্তই থাকে। যথা, প্রভুঃ ভৃত্যং গৃহং গময়তি— প্রভুণা ভৃত্যঃ গৃহং গম্যতে। স বালকান্ হাসয়তি—তেন বালকাঃ হাস্যন্তে।

(ক) ণিজন্ত অবস্থায় প্রযোজ্য কর্তায় তৃতীয়া হইলে ধাতুর কর্মে প্রথমা হয়। যথা, স পাচকেন ওদনং পাচয়তি—তেন পাচকেন ওদনঃ পাচ্যতে ; মাতা শিশুনা মোদকান্ খাদয়তি— মাত্রা শিশুনা মোদকাঃ খাদ্যন্তে।

১১। কর্তৃবাচ্যে ক্তবতু বা ক্ত প্রত্যয় থাকিলে, বাচ্যান্তরে উহাদের স্থানে ক্ত কর্মবাচ্যে ক্ত কর্মের বিশেষণ এবং ভাববাচ্যে ক্ত ক্লীবলিঙ্গ প্রথমার একবচনান্ত হয়। যথা, স বেদান্ পঠিতবান্—তেন বেদাঃ পঠিতাঃ ; ত্বং ফলানি ভুক্তবান্—ত্বয়া ফলানি ভুক্তানি, বয়ং নদীং দৃষ্টবন্তঃ—অস্মাভিঃ নদী দৃষ্টা। অথ তে প্রস্থিতাঃ—অথ তৈঃ প্রস্থিতম্।

কর্মবাচ্যে বা ভাববাচ্যে ক্ত প্রত্যয় থাকিলে, কর্তৃবাচ্যে পরিবর্তন করিতে উহার উত্তর ক্তবতু করিতে হয়। যথা, বালকৈঃ সাধুঃ পূজিতঃ—বালকাঃ সাধুং পূজিতবন্তঃ ; স্ত্রীভিঃ হসিতম্—স্ত্রিয়ঃ হসিতবত্যঃ।

১২। তব্য, অনীয় প্রভৃতি কৃত্য-প্রত্যয়ান্ত ক্রিয়াকে কর্তৃবাচ্যে পরিবর্তিত করিতে হইলে, কৃত্য-প্রত্যয়ের স্থলে ঐ ধাতুর উত্তর বিধিলিঙ্ বা লৃট্ হয়। যথা, ময়া ইদং কর্তব্যম্—অহম্ ইদং কুর্যাম্ or করিষ্যামি ; ত্বয়া দরিদ্রায় ধনং দেয়ম্—ত্বং দরিদ্রায় ধনং দদ্যাঃ or দাস্যসি।

**ক্ত্বাচ্, ল্যপ্ ও তুমুন্-প্রত্যয়ান্ত শব্দ অব্যয়**। এইজন্য সমস্ত বাচ্যেই ইহারা একরূপ থাকে এবং **ইহাদের স্বকীয় কর্মে সর্বদা দ্বিতীয়া থাকে।** যথা, স গ্রামং গত্বা বান্ধবান্ পৃষ্টবান্—তেন গ্রামং গত্বা বান্ধবাঃ পৃষ্টাঃ (কর্মবাচ্যে)। চন্দ্রং নিরীক্ষ্য শিশুঃ হসতি—চন্দ্রং নিরীক্ষ্য শিশুনা হস্যতে

(ভাববাচ্যে)। সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার কর্ম এক হইলে বাচ্যান্তরে কর্ম উক্ত হয়। যথা, তেন গ্রামং গত্বা দধিকর্ণনামা **বিড়ালঃ প্রযত্নাদানীয়** স্বকন্দরে স্থাপিতঃ। **স্বামিগুণাঃ বিস্মর্তুং** ন শক্যন্তে। তেন **ওদনঃ পক্ত্বা** খাদ্যতে।

এখানে লক্ষণীয় যে বিড়ালঃ, স্বামিগুণাঃ ও ওদনঃ যথাক্রমে আনীয়, বিস্মর্তুম্ ও পক্ত্বা এই অসমাপিকা ক্রিয়াগুলির কর্ম, তথাপি দ্বিতীয়া বিভক্ত্যন্ত না হইয়া স্থাপিতঃ, শক্যন্তে ও খাদ্যতে এই প্রধান ক্রিয়াগুলির 'উক্ত' কর্মে প্রথমাবিভক্তি যুক্ত হইয়াছে।(১)

## EXERCISE

*1. Change the voice of* :—বালকঃ মাং পশ্যতি। তে গৃহং গচ্ছন্তু। অহং বেদান্ অপঠম্। ত্বং সত্যং বদেঃ। বৃথা মা হস। অস্তি গোপাল ইতি বালকঃ। আসীৎ শূদ্রকো নাম ধার্মিকো রাজা। ব্যাঘ্রাঃ বনে বসন্তি। স মাম্ অবদৎ। বিপ্রঃ ছাগং গৃহং নয়তি। স মাং পন্থানং পৃচ্ছতি। মিথ্যা মা বদ। বালকঃ সর্পাৎ বিভেতি। তে ইহ অতিষ্ঠন্। ভৃত্যঃ কার্যং করোতু। ত্বমত্র বসেঃ। সাধবঃ উপকারং ন বিস্মরন্তি। শিশবঃ কোমলাং শয্যাম্ অধিশেরতে। অহং নদীং দৃষ্টবান্। ঈশ্বরঃ সর্বৈঃ স্তূয়তে। অহং বালকান্ আহ্বায়ম্। তেন ইদং কর্তব্যম্। যুষ্মাভিঃ অত্র স্থাতব্যম্। স্ত্রিয়া স.ট্রক্ষঃ। [illegible] বেদাঃ পঠনীয়াঃ। রাজা সিংহাসনমধিষ্ঠিতঃ। স শব্দঃ অস্মাভিরপি আকর্ণিতঃ। ত্বয়া অত্র সন্নিহিতয়া ভবিতব্যম্। স তুভ্যং পুস্তকানি দাস্যতি। তে গুরুং সেবন্তে। যূয়ং বাঞ্ছিতং দ্রব্যং লভেধ্বম্। বালকঃ ফলানি ভুক্তবান্। তদ্গৃহং চৌরঃ প্রবিষ্টঃ। প্রাঙ্গণে গর্দভো বদ্ধস্তিষ্ঠতি। কুক্কুর একঃ উপবিষ্টঃ তত্র। মম নিয়োগস্য চর্চা ত্বয়া ন কর্তব্যা। কথং মাং স্থানান্তরং গন্তুং সম্ভাবসে। জ্ঞাতং ময়া ভয়কারণম্। বলীবর্দেন নর্দিতম্। বৃষভাশ্চ অস্মাকং ভক্ষ্যাঃ। ভদ্র! মহতী শঙ্কা মাং বাধতে। শৃণু মে বচঃ।

---

(১) **প্রধানেতরয়োর্যত্র দ্রব্যস্য ক্রিয়য়োঃ পৃথক্।**
**শক্তির্গুণাশ্রয়া তত্র প্রধানমনুরুধ্যতে**।।—ভর্তৃহরি।

একই দ্রব্যের প্রধান এবং অন্য অর্থাৎ অপ্রধান এই দুইটি ক্রিয়ার সহিত সম্বন্ধ থাকায় যখন দুইটি কারকের বিভক্তি প্রাপ্ত হইবার সম্ভাবনা দেখা যায় সে স্থলে বিভক্তি কিন্তু প্রধান অর্থাৎ সমাপিকা ক্রিয়ার বা তাহার স্থলাভিষিক্ত কৃদন্তের অনুযায়ীই হইবে। তস্যা **করো গৃহীত্বা উরসি ন স্থাপিত।**

এখানে 'কর' শব্দে গৃহীত্বা এই ক্তাচ্-প্রত্যয়ান্ত ক্রিয়ার কর্ম বলিয়া কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয় নাই, কিন্তু 'স্থাপিত' এই কৃদন্ত ক্রিয়ার উক্ত কর্মে প্রথমা বিভক্তি হইয়াছে।